
# জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

## উপজেলা নির্বাহী কর্মকর্তা কার্যালয়
## (UNO Office) ম্যানুয়াল

**ব্যবহারিক নির্দেশিকা**


১. এই সিস্টেমটি উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO)-এর জন্য প্রণীত, যার মাধ্যমে তিনি তার অধীনস্থ সকল ফিলিং স্টেশনের জ্বালানি সংক্রান্ত কার্যক্রম সহজে পর্যবেক্ষণ ও ব্যবস্থাপনা করতে পারবেন।
এই সিস্টেমের মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তা ড্যাশবোর্ডে প্রবেশ করে তার অধীনস্থ ফিলিং স্টেশনসমূহের আজকের দিনের জ্বালানির মজুদ (Stock), প্রাপ্তি (Received), বিক্রয় (Sales) এবং পার্থক্য (Difference) সংক্রান্ত সারসংক্ষেপ দেখতে পারবেন। এছাড়াও, Today's Difference Report অংশে দৈনিক পার্থক্য সংক্রান্ত বিস্তারিত তথ্য পর্যবেক্ষণ করতে পারবেন উপজেলা নির্বাহী কর্মকর্তা এই সিস্টেমের মাধ্যমে তার অধীনস্থ মোট ফিলিং স্টেশনের সংখ্যা দেখতে পারবেন এবং প্রয়োজনে নতুন ফিলিং স্টেশন সংযোজন (Add) করতে পারবেন। একইভাবে, তিনি তার অধীনস্থ ট্যাগ অফিসারদের তথ্য দেখতে পারবেন এবং নতুন ট্যাগ অফিসার সংযোজন করতে পারবেন এছাড়াও, উপজেলা নির্বাহী কর্মকর্তা বিভিন্ন ট্যাগ অফিসারকে নির্দিষ্ট ফিলিং স্টেশনের সাথে Assign করতে পারবেন, যার মাধ্যমে সংশ্লিষ্ট ট্যাগ অফিসার নির্ধারিত ফিলিং স্টেশনের তথ্য এন্ট্রি করতে সক্ষম হবেন রিপোর্ট (Reports) অপশনের মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রয়োজন অনুযায়ী বিভিন্ন ফিল্টার (Filter) ব্যবহার করে নির্দিষ্ট সময় বা ফিলিং স্টেশন অনুযায়ী রিপোর্ট দেখতে পারবেন। তদুপরি, Profile অপশনের মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তা তার নাম, ঠিকানা এবং অন্যান্য ব্যক্তিগত তথ্য প্রয়োজন অনুযায়ী হালনাগাদ (Update) করতে পারবেন। এই সিস্টেমের মূল উদ্দেশ্য হলো উপজেলা পর্যায়ে জ্বালানি ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করা, সঠিক তথ্য সংরক্ষণ করা এবং দ্রুত পর্যবেক্ষণের মাধ্যমে কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি করা।

## ২. লগইন পেজ (Login Page)





লগইন পেজে নির্ধারিত নিবন্ধিত মোবাইল নম্বর এবং Password প্রদান করতে হবে সঠিক মোবাইল নম্বর ও Password প্রদান করে উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) সিস্টেমে লগইন করতে পারবেন।

## ৩. ফিলিং স্টেশন (Filling Station Management)





এই ড্যাশবোর্ড পেজে উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) তার অধীনস্থ সকল উপজেলা ও ফিলিং স্টেশনের জ্বালানি সংক্রান্ত সার্বিক তথ্য পর্যবেক্ষণ করতে পারবেন।
এখানে জেলার আওতাধীন মোট ডিপো, ফিলিং স্টেশন এবং ট্যাগ অফিসারের সংখ্যা প্রদর্শিত হয়। এছাড়াও, প্রতিদিনের মজুদ (Stock), প্রাপ্তি (Received), বিক্রয় (Sales), পার্থক্য (Difference) এবং শতকরা হার (Percentage) অনুযায়ী জ্বালানির তথ্য সারসংক্ষেপ আকারে দেখা যাবে।
পেজের নিচে Today's Difference Report অংশে জেলার বিভিন্ন ফিলিং স্টেশনের দৈনিক পার্থক্য সংক্রান্ত রিপোর্ট প্রদর্শিত হয়, যা পর্যবেক্ষণের মাধ্যমে জেলা প্রশাসক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

## ৪. ফিলিং স্টেশন (Filling Station Management)





নতুন ফিলিং স্টেশন সংযোজন করার জন্য Add Filling Station বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে

এই পেজে উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) তার অধীনস্থ সকল ফিলিং স্টেশনের তালিকা দেখতে পারবেন। এছাড়াও, প্রয়োজন অনুযায়ী ফিলিং স্টেশন অনুসন্ধান (Search), ফিল্টার (Filter) এবং নতুন ফিলিং স্টেশন সংযোজন (Add) করতে পারবেন।





এখানে সকল তথ্য পূরণ করে একটি নতুন ফিলিং স্টেশন যোগ করতে পারবে।

# ৫. ট্যাগ অফিসার (Tag Officer Management)





নতুন ট্যাগ অফিসার সংযোজন করার জন্য Add Tag Officer বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে

এই পেজে উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) তার অধীনস্থ সকল ট্যাগ অফিসারের তালিকা দেখতে পারবেন। এছাড়াও, প্রয়োজন অনুযায়ী ট্যাগ অফিসার অনুসন্ধান (Search), ফিল্টার (Filter) এবং নতুন ট্যাগ অফিসার সংযোজন (Add) করতে পারবেন।





এখানে সকল তথ্য পূরণ করে একটি নতুন ট্যাগ অফিসার সংযোজন (Add) করতে পারবেন।

# ৬. ট্যাগ অফিসার অ্যাসাইন (Assign Tag Officer)





নতুন ট্যাগ অফিসার অ্যাসাইন করার জন্য Assign Tag Officer বাটনে ক্লিক করতে হবে।

এই পেজে উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) নির্দিষ্ট ফিলিং স্টেশনের জন্য ট্যাগ অফিসার অ্যাসাইন করতে পারবেন।
এছাড়াও, পূর্বে যেসব ট্যাগ অফিসার বিভিন্ন ফিলিং স্টেশনে অ্যাসাইন করা হয়েছে তাদের তালিকা এখানে দেখা যাবে এবং প্রয়োজনে সংশোধন (Edit) করে অন্য ফিলিং স্টেশনে পুনরায় অ্যাসাইন করা যাবে।





এখানে সকল তথ্য সিলেক্ট করে নতুন ট্যাগ অফিসার অ্যাসাইন (Assign) করতে পারবেন।

# ৭. রিপোর্টস (Reports & Analytics)





Sales & Stock Report (UNO Office) — Manual Description:
এই Sales & Stock Report ট্যাবের মাধ্যমে ব্যবহারকারী নির্দিষ্ট তারিখ, জেলা, উপজেলা, কোম্পানি, ডিপো ও ফিলিং স্টেশন অনুযায়ী ফিল্টার করে বিভিন্ন ফিলিং স্টেশনের স্টক ও বিক্রয় সংক্রান্ত বিস্তারিত তথ্য দেখতে পারবেন। এখানে প্রতিটি স্টেশনের Previous Stock, Supply from Depot, Received at Station, Sales, Closing Stock এবং Stock Status স্পষ্টভাবে প্রদর্শিত হয়, এবং প্রয়োজনে এই রিপোর্ট PDF আকারে Export করা যায়।





Difference Report (UNO Office) — Manual Description:
এই Difference Report ট্যাবের মাধ্যমে ব্যবহারকারী নির্দিষ্ট তারিখ, জেলা, উপজেলা, কোম্পানি, ফিলিং স্টেশন ও ট্যাগ অফিসার অনুযায়ী ফিল্টার করে প্রতিটি ফিলিং স্টেশনের স্টক পার্থক্য (Difference L ও %) সংক্রান্ত তথ্য দেখতে পারবেন। এখানে কোন স্টেশনে স্বাভাবিক (Normal) বা অস্বাভাবিক পার্থক্য হয়েছে তা সহজে শনাক্ত করা যায় এবং প্রয়োজনে এই রিপোর্ট PDF আকারে Export করা সম্ভব।

## ৭. রিপোর্টস (Reports & Analytics)





Tag Officers Missing Reports — Manual Description:
এই Tag Officers Missing Reports ট্যাবের মাধ্যমে ব্যবহারকারী নির্দিষ্ট তারিখ, জেলা, উপজেলা, কোম্পানি ও ফিলিং স্টেশন অনুযায়ী ফিল্টার করে কোন কোন Tag Officer নির্ধারিত দিনে রিপোর্ট জমা দেয়নি তা সহজে দেখতে পারবেন। এখানে প্রতিটি অফিসারের নাম, মোবাইল নম্বর, ফিলিং স্টেশন, কোম্পানি, ডিপো ও জ্বালানির ধরনসহ বিস্তারিত তথ্য প্রদর্শিত হয় এবং প্রয়োজনে এই তালিকা PDF আকারে Export করা যায়।




Tag Officers Submit Reports — Manual Description:
এই Tag Officers Submit Reports ট্যাবের মাধ্যমে ব্যবহারকারী নির্দিষ্ট তারিখ, জেলা, উপজেলা, কোম্পানি, ডিপো ও ফিলিং স্টেশন অনুযায়ী ফিল্টার করে কোন কোন Tag Officer নির্ধারিত দিনে রিপোর্ট জমা দিয়েছে তা সহজে দেখতে পারবেন। এখানে প্রতিটি রিপোর্টের জমাদানের তারিখ, অফিসারের নাম, ফিলিং স্টেশন, জ্বালানির ধরন ও ক্লোজিং স্টকসহ বিস্তারিত তথ্য প্রদর্শিত হয় এবং প্রয়োজনে এই তালিকা PDF আকারে Export করা যায়।

## ৮. প্রোফাইল (Profile)




এই পেজে ব্যবহারকারীর ব্যক্তিগত তথ্য ও Password পরিবর্তন করা যাবে।
তথ্য পরিবর্তনের পর Save Changes বাটনে ক্লিক করে সংরক্ষণ করতে হবে।

## ধন্যবাদ